



শিক্ষা নিয়ে শ্বব পেশ
পেশে বাসিন্দার বাংলাদেশ

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫১.১৩.০০১.২০.২৩০

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৮

১৫ জুলাই ২০২১

বিষয়: নীট মাসিক অবসর ভাতা ও এককালীন আনুতোষিক মঞ্জুরী প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানাচ্ছি যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন অধ্যক্ষ, ড. প্রকৌ. মোঃ আব্দুল্লাহকে সরকারি চাকরি আইন ২০১৮ এর ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী ০৬/০২/২০২০ খ্রি. তারিখ হতে অবসর প্রদান করা হয়। সে অনুযায়ী তাঁর প্রাপ্য আনুতোষিক মঞ্জুরির জন্য প্রয়োজনীয় কাগজপত্র যথাযথভাবে পূরণপূর্বক আবেদন করেছেন। পেনশন ফরমের ৬ষ্ঠ পৃষ্ঠার ৩য় অংশে কর্তৃপক্ষ সদয় স্বাক্ষর প্রদান করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, সিলেট কর্তৃক ইস্যুকৃত প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুযায়ী আনুতোষিক বাবদ ৭৩,৬৯,২০০/- (তিয়াত্তর লক্ষ উনসত্তর হাজার দুইশত) টাকা এবং ০৭/০২/২০২১ তারিখ হতে মাসিক অবসর ভাতা বাবদ ৩২,০৪০/- (বত্রিশ হাজার চল্লিশ) টাকা এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতা ড. প্রকৌ. মোঃ আব্দুল্লাহ এর অনুকূলে প্রদানের জন্য নির্দেশক্রমে মঞ্জুরি প্রদান করা হলো। তাঁর অনুকূলে অবসরভাতা পরিশোধ আদেশ (পি.পি.ও.) জারী করে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করছি।

০৩। কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে প্রেরিত তথ্য অনুযায়ী তাঁর নিকট কোন সরকারি পাওনা নেই। তবে ভবিষ্যতে কোন পাওনা আছে মর্মে পরিলক্ষিত হলে উহা পরিশোধ করতে তিনি বাধ্য থাকবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি:

১। মূল সার্ভিস বুক ১টি।

২। পেনশন ফরম এবং অন্যান্য কাগজপত্র ২৮ পাতা।

১৫-৭-২০২১

রহিমা আক্তার

উপসচিব

বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট বিভাগ, সিলেট।

ফোন: ০২-৯৫৪৬৫৭০

ইমেইল: sastec1@tmed.gov.bd


স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫১.১৩.০০১.২০.২৩০/১(৮)

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৮

১৫ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
- ২) অতিরিক্ত সচিব, কারিগরি অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) অতিরিক্ত সচিব, যুগ্মসচিব (কারিগরি) এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৪) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ৬) ড. প্রকৌ. মোঃ আব্দুল্লাহ, প্রাক্তন অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট
- ৭) অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট
- ৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)



১৫-৭-২০২১

রহিমা আক্তার

উপসচিব